

ঢাকা সার্কুলার রুট (২য় অংশ)

ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধিও বৃহৎ শহর ঢাকা। পূর্ব-পশ্চিম দিকের তুলনায় উত্তর-দক্ষিণে বর্তমান যান চলাচল ও সড়কের সংখ্যা বিবেচনায় যানবাহনের অত্যধিক চাপের কারণে ঢাকা মহর যানজটের নগরীতে রূপান্তরিত হয়েছে। বর্তমান সরকারের শাসনামলে ক্রমবর্ধমান যানবাহনের অত্যধিক চাপ সামলানোর জন্য ঢাকা সিটিতে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে যার মধ্যে মেয়র হানিফ উড়াল সড়ক, কুড়িল উড়াল সড়ক, বনানী রেল ওভারপাস, প্রয়াত প্রেসিডেন্ট জিল্লুর রহমান রহমান উড়াল সড়ক ইত্যাদি উল্লেখযোগ্য। তদুপরি, কিছু বিশাল প্রকল্প যেমন মেট্রো রেল, বিআরটি, এলিভেটেড এক্সপ্রেসওয়ে ইত্যাদি প্রকল্প বর্তমানে বাস্তবায়িত হচ্ছে যদিও তা ঢাকা শহরের ক্রমবর্ধমান জনসংখ্যা ও উন্নয়নের চাহিদা অনুযায়ী যথেষ্ট নয়। যানজট ঢাকা শহরের একটি বড় সমস্যা।

বর্তমান যানজট সমস্যা বিবেচন করে এবং দ্রুত ঢাকা শহরকে অতিক্রম করার সুবিধা প্রদানের লক্ষ্যে মিডল রিং সড়কের দক্ষিণাংশের নিম্নলিখিত তিনটি (৩টি) রুট প্রাথমিকভাবে চূড়ান্ত করা হয়েছে যা ঢাকা-আরিচা (এন-৫) মহাসড়ককে ঢাকা-মাওয়া (এন-৮) মহাসড়কের সাথে এবং ঢাকা- মাওয়া (এন-৮) মহাসড়ককে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক (এন-১) এর সাথে সংযুক্ত করবে।

- ❖ রুট-০১: হেমায়েতপুর (ঢাকা-আরিচা মহাসড়ক) হতে কালাকান্দি (ঢাকা-মাওয়া মহাসড়ক), সম্ভাব্য দৈর্ঘ্য প্রায় ১৮ কিঃমিঃ
- ❖ রুট-০২: কালাকান্দি (ঢাকা-মাওয়া মহাসড়ক) হতে ৩য় শীতলক্ষা সেতুর এপ্রোচ সড়ক, সম্ভাব্য দৈর্ঘ্য প্রায় ১৮ কিঃ মিঃ
- ❖ রুট-০৩ ৩য় শীতলক্ষা সেতুর এপ্রোচ সড়ক হতে মদনপুর (ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক), সম্ভাব্য দৈর্ঘ্য প্রায় ১২ কিঃমিঃ
- ❖ মোট দৈর্ঘ্য: ৪৮ কিঃমিঃ


নির্মাণ কাজ শুরু করার পূর্বেই বিস্তারিত অর্থনৈতিক ও প্রকৌশলগত অনুসন্ধান সম্পন্ন করার জন্য অর্থনৈতিক টেকসইতা ও কারিগরী সম্ভাব্যতা পরীক্ষা করার জন্য সম্ভাব্য সমীক্ষা কাজ ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে।

এই মিডল রিং সড়ক নির্মাণের মাধ্যমেঃ

- ❖ শহরগামী যান চলাচল হ্রাসপূর্বক শহর অভিমুখী ও বহির্গামী যানকে বিকীর্ণ করা সম্ভব।
- ❖ যৌক্তিকভাবে সড়ক ব্যবহারের মাধ্যমে যানজট নিরসন করা সম্ভব।
- ❖ পরিবহনকে বৃত্তাকার সড়কে স্বাচ্ছন্দ এনে দেয়া সম্ভব।
- ❖ বহুমাত্রিক পরিবহন ব্যবস্থার ব্যবহার বৃদ্ধি করা সম্ভব।
- ❖ স্বতন্ত্র শহরে বৃত্তাকার সংযোগ স্থাপনের মাধ্যমে শহরের কেন্দ্রের সাথে যোগাযোগ স্থাপন পূর্বক অনুকূল পরিবেশ উন্নয়নে সহায়তা করা সম্ভব হবে।

ঢাকা সার্কুলার রুট (২য় অংশ)

৬৩.০০ কিলোমিটার



আবদুল্লাহপুর – খউর – বিরুলিয়া – গাবতলী – বাবুবাজার – কদমতলী - তেঘরিয়া - পোস্তুগোলা - ফতুল্লা - চাষাড়া – হাজিগঞ্জ - শিমরাইল – ডেমরা। দৈর্ঘ্যঃ ৬৩.০০ কিলোমিটার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, সওজ
ঢাকা জোন, এলেনবাড়ী, ঢাকা-১২১৫।
Phone : 48122978, Fax : 880-2-9138075
Email : acedha@rhd.gov.bd, dhakazone2020@gmail.com.



স্মারক নং- ৩৫.০১.২৬৯০.০০৭.০২৩.২১-২২৫৫

তারিখঃ- ৩০/০৫/২০২১ ইং

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ৪.৫ অনুযায়ী স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সম্মানের সহিত জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের বিভিন্ন প্রবেশ মুখের যানজট নিরসনের লক্ষ্যে অত্র জোনের আওতাধীন ঢাকা সার্কুলার রুট (২য় অংশ) বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত অংশের কার্যক্রম ও অন্যান্য বিষয়ে জনসাধারণের অবগতির জন্য তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

(মোঃ সবুজ উদ্দিন খান)

পরিচিতি নং-০০৫০৩২

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ,
ঢাকা জোন, এলেনবাড়ী, ঢাকা।

ও

আস্থায়ক

সওজ নৈতিকতা কমিটি, ঢাকা জোন।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

ও

সদস্য সচিব

সওজ নৈতিকতা কমিটি।

অনুলিপি :-

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ঢাকা ও নারায়ণগঞ্জ।